

সুইটজারল্যান্ডের সংবিধানের মূল বৈশিষ্ট্যসমূহ

প্রতিটি দেশের সংবিধানের মৌলিক বৈশিষ্ট্যের মতো সুইটজারল্যান্ডের সংবিধানেরও কতকগুলি বিশেষ বৈশিষ্ট্য বিদ্যমান। এই বৈশিষ্ট্যগুলি হল—

[1] লিখিত সংবিধান: সুইস সংবিধান একটি লিখিত সংবিধান। দুই ধরনের সরকারের মধ্যে ক্ষমতা বন্টনের বিষয়টি সংবিধানে লিপিবদ্ধ করা হয়েছে। তবে সুইস সংবিধানেও কিছু কিছু প্রথা ও রীতিনীতি প্রভাব পরিলক্ষিত হয়।

[2] সংবিধানের আকার: সুইস সংবিধান আকারে বড়। এই সংবিধানে তিনটি অধ্যায় এবং 123 টি ধারা আছে। এই সংবিধান আকারে আরো বড় হওয়ার কারণ হল ফেডারেল ক্যান্টন যুক্তরাষ্ট্রীয় ও ক্যান্টন সরকারের ক্ষমতা ও কর্তৃত্বের বিষয়ে বিস্তারিত উল্লেখ আছে।

[3] যুক্তরাষ্ট্রীয় শাসনব্যবস্থা: সুইস সংবিধানের 1 নং ধারায় দেশকে একটি রাষ্ট্রসমবায় (confederation) হিসাবে গণ্য করা হয়েছে। এই সংবিধানে জাতীয় সরকার ও 22টি ক্যান্টনের মধ্যে বণ্ডিত ক্ষমতার বিষয়ে সুস্পষ্ট আলোচনা করা হয়েছে।

[4] সমপ্রতিনিধিত্ব: সকল ক্যান্টনগুলি থেকে সমান সংখ্যক প্রতিনিধি আইনসভার উচ্চকক্ষে অর্থাৎ রাজ্যপরিষদে প্রেরণ করা হয়। 22 টি পূর্ণ ক্যান্টন থেকে 2 জন করে এবং 6 টি অর্ধ ক্যান্টন থেকে 1 জন করে প্রতিনিধি রাজ্য পরিষদে পাঠাতে পারে।

[5] দ্বিকক্ষবিশিষ্ট আইনসভা: সুইটজারল্যান্ডের যুক্তরাষ্ট্রীয় আইনসভা দ্বিকক্ষবিশিষ্ট। এর উচ্চকক্ষ হল 'রাজ্যপরিষদ' (Council of states) এবং এর নিম্নকক্ষ হল 'জাতীয় পরিষদ' (National Council)। সংবিধানের 47 নং ধারায় উল্লেখ করা হয়েছে যে, 'Federal laws decrees and ordinances can be made only by agreement between the two councils.'

[6] সাধারণতান্ত্রিক সংবিধান: সুইটজারল্যান্ডের যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থায় ও ক্যান্টনসমূহের সংবিধানগুলি সাধারণতান্ত্রিক সংবিধান। সংশ্লিষ্ট সংবিধানের 6 নং ধারায় উল্লেখ করা হয়েছে যে, যুক্তরাষ্ট্রীয় সরকার ক্যান্টনগুলিকে রক্ষা করবে এবং ক্যান্টনগুলিতে সাধারণতান্ত্রিক সংবিধান থাকবে। গণতান্ত্রিক নির্বাচন পদ্ধতির দ্বারা সমগ্র দেশের রাজনৈতিক প্রতিষ্ঠানগুলি পরিচালিত হয়।

[7] অনমনীয় সংবিধান: সুইটজারল্যান্ডের সংবিধান দুস্পরিবর্তনীয় বা অনমনীয়। এই সংবিধান গণভোটের মাধ্যমে সংশোধিত হতে পারে। আবার বেশিরভাগ ক্যান্টন যদি সম্মতি প্রদান করে তাহলে সুইস সংবিধান সংশোধিত হতে পারে।

[8] গণতান্ত্রিক সংবিধান: গণতন্ত্রের প্রধান বৈশিষ্ট্যগুলি সুইটজারল্যান্ডে পরিলক্ষিত হয়। বিভিন্ন গণতান্ত্রিক দেশের সংবিধানের তুলনায় সুইটজারল্যান্ডের সংবিধানে গণতান্ত্রিকতা অনেক বেশি সুস্পষ্ট। কারণ এখানে সংবিধান সংশোধন এবং আইন প্রণয়নের সময়ে 'গণভোট' ও 'গণ উদ্যোগ' পদ্ধতির ব্যবস্থা বিদ্যমান।

[৭] যুক্তরাষ্ট্রীয় আদালত: (সুইস বিচারব্যবস্থা পুরোপুরিভাবে যুক্তরাষ্ট্রীয় না হলেও এখানে একটি যুক্তরাষ্ট্রীয় আদালত বিদ্যমান। এই আদালতের নাম যুক্তরাষ্ট্রীয় ট্রাইবিউনাল (Federal Tribunal)। এই ট্রাইবিউনাল যুক্তরাষ্ট্রীয় আইনের ব্যাপারে হস্তক্ষেপ করতে পারে না।

[৮] উপসংহার: পরিশেষে বলা যায়, সুইস সংবিধানে ধর্মীয় ও বিশ্বাসের স্বাধীনতার কথা স্বীকার করা হয়েছে। তাই সুইটজারল্যান্ড একটি ধর্মনিরপেক্ষ রাষ্ট্র।